

MOS speaks on the India-Africa Forum Summit-IV at the 15th CII-EXIM Bank Digital Conclave on India Africa Project Partnership

September 24, 2020

ভারত আফ্রিকা প্রকল্প বিষয়ক অংশীদারিত্বের উপর 15তম সিআইআই-এক্সিম ব্যাঙ্ক ডিজিটাল কনক্লেভে ভারত-আফ্রিকা ফোরাম সামিট IV এ রাষ্ট্রমন্ত্রী বক্তব্য রেখেছেন
সেপ্টেম্বর 24, 2020

আজ নিউ দিল্লিতে ভারত আফ্রিকা প্রকল্প বিষয়ক অংশীদারিত্বের উপর চলতে থাকা 15তম সিআইআই-এক্সিম ব্যাঙ্ক ডিজিটাল কনক্লেভে ভারত-আফ্রিকা ফোরাম সামিট IV এর অধিবেশনে পররাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী শ্রী মুরালিধরন সঞ্চালক বক্তার ভূমিকা পালন করেছেন।

এই অধিবেশনের অন্যান্য বক্তারা হলেন বোৎসোয়ানা প্রজাতন্ত্রের আর্ন্তজাতিক বিষয় ও সহযোগিতা বিষয়ক মন্ত্রী মহামান্য ডক্টর লেমোগ্যাংকায়াপে, মিশরীয় আরব প্রজাতন্ত্রের আর্ন্তজাতিক সহযোগিতা মন্ত্রী মহামান্য ডক্টর রানিয়া এ অল মাশাত, মালাওই প্রজাতন্ত্রের বিদেশ মন্ত্রী মহামান্য আইজেনহাওয়ার কাকা এবং জিম্বাবোয়ে প্রজাতন্ত্রের বৈদেশিক এবং আর্ন্তজাতিক বাণিজ্য বিষয়ক মন্ত্রী মহামান্য লেফটেন্যান্ট জেনারেল ডক্টর সিবুসিসো বি মোয়ো ।

ভারত-আফ্রিকার মধ্যে থাকা সম্পর্কের কিছু দিক নিয়ে তার পর্যবেক্ষণ দিয়ে রাষ্ট্রমন্ত্রী শ্রী মুরালিধরন তার বক্তব্য শুরু করেন: বাণিজ্য, বিনিয়োগ, উন্নয়নের ক্ষেত্রে ভারত আফ্রিকার অন্যতম বৃহৎ অংশীদার এবং আফ্রিকার পণ্য ও উৎপাদিত সামগ্রীর জন্য একটি সুবৃহৎ বাজার; আফ্রিকা এবং তার জনগণের পাশে অতীতে ভারত দাড়িয়েছে এবং ভবিষ্যতেও উন্নয়নের এক গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে ধারাবাহিকভাবে থাকবে। দীর্ঘকালীন টিকে থাকা বন্ধুত্বের পরম্পরা এবং আফ্রিকা ও ভারতের মধ্যে পারস্পরিক বোঝাপড়া এবং সহযোগিতার ছাঁচেই ভারত আফ্রিকা ফোরাম সামিট তৈরি হয়েছে। 2018 সালে উগান্ডার পার্লামেন্টে মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাষণে উল্লেখিত আফ্রিকার বিষয়ে ভারতের 10টি পথনির্দেশক নীতিসমূহের কথা তিনি স্মরণ করেছেন।

প্রথম ভারত-আফ্রিকা ফোরাম সামিট চলাকালীন ভারতের করা অঙ্গীকারগুলি ভারত যে সতর্কতার সাথে রূপায়ন করেছে তার কথা রাষ্ট্রমন্ত্রী বিস্তারিত বলেছেন। আফ্রিকান ইউনিয়ন কমিশনের স্বীকৃতি সহ 2019 সালে নিউ দিল্লিতে অনুষ্ঠিত সামিটের উপর মধ্যবর্তী সময়ের পর্যালোচনা বিষয়ক বৈঠক এর কথা তিনি উল্লেখ করেছেন। সহযোগিতার গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির কথাও তিনি উল্লেখ করেছেন যথা বাণিজ্য এবং বিনিয়োগ, কৃষি, শক্তি, ক্ল এবং সামুদ্রিক অর্থনীতি, পরিকাঠামো, শিক্ষা এবং দক্ষতার উন্নয়ন, স্বাস্থ্য, শান্তি এবং নিরাপত্তা, এবং বহুপক্ষীয় সহযোগিতা। গত সামিটের পর ভারত যে দুইটি বহুপক্ষীয় তাৎপর্যপূর্ণ উদ্যোগ শুরু করেছে যথা আর্ন্তজাতিক সৌর জোট এবং বিপর্যয় স্থিতিস্থাপক পরিকাঠামো গঠন, উভয় ক্ষেত্রেই আফ্রিকার দেশগুলির অংশগ্রহণকে স্বাগত জানান হচ্ছে।

তিনি উল্লেখ করেছেন যে ভারত বিশ্ব জুড়ে 85 টি দেশকে চিকিৎসা সম্পর্কীয় সাহায্য করেছে তার মধ্যে 25 টি আফ্রিকার দেশ।

শ্রী মুরলিধরন স্মরণ করেছেন যে ফেব্রুয়ারি 2020 তে লখনউতে সর্বপ্রথম ভারত-আফ্রিকা -র প্রতিরক্ষা মন্ত্রীদের কনক্লেভ অনুষ্ঠিত হয় যাতে আফ্রিকার 33 টি দেশের 146 জন প্রতিনিধি অংশগ্রহণ করেন এবং যেটি লখনউ ঘোষণা গ্রহণ করে, যা বলে যে ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভারত এবং আফ্রিকা একটি তাৎপর্যপূর্ণ অংশ এবং শান্তি ও নিরাপত্তার বিষয়ে আফ্রিকান ইউনিয়নের অন্তর্দৃষ্টির সাথে সাগর(এসএজিএআর) সম্পর্কিত ভারতের অন্তর্দৃষ্টি মিলে যায়। যত শীঘ্র সম্ভব উপযুক্ত সুযোগে ভারত-আফ্রিকা ফোরাম সামিটের চতুর্থ সংস্করণের প্রত্যাশার কথা উল্লেখ করে তিনি তার বক্তব্য শেষ করেন।

আফ্রিকার দেশগুলির মন্ত্রীরা তাদের বিবৃতিতে ভারত এবং আফ্রিকার দীর্ঘকালীন বন্ধুত্ব এবং ভাগ করে নেওয়া প্রত্যাশার উপর ভিত্তি করে আফ্রিকার উন্নয়ন প্রত্যাশার প্রতি ভারতের সাহায্য এবং সমর্থনকে প্রশংসা করেছেন। আফ্রিকার স্বল্পোন্নত দেশগুলির (এলডিসিএস) জন্য বহু বছর ধরে শুধু মুক্ত কোটা মুক্ত ব্যবস্থায় ভারতীয় বাজারে প্রবেশ করতে সুবিধা করে দেওয়ার জন্য বেশ কিছু মন্ত্রী ভারতকে ধন্যবাদ জানিয়েছেন। তাদের ছোট এবং মাঝারি উদ্যোগ ক্ষেত্রের প্রতি ভারতের সাহায্যের কথা উল্লেখ করে কয়েকজন প্রতিনিধি ভারতকে অবিচ্ছেদ্য অংশীদার হিসেবে বর্ণনা করেছেন। বিশেষ করে বিগত পাঁচ বছর ধরে ভারত আফ্রিকার দেশগুলির জন্য যে ছাড়যুক্ত ঋণ এর ব্যবস্থা করেছে সেই ঋণ এবং ভারতের বাজারে প্রবেশের ক্ষেত্রে অগ্রাধিকার আফ্রিকার অর্থনীতিকে সাহায্য করেছে তা পর্যবেক্ষণ করে সব মন্ত্রীরা ভারত সম্পর্কে উষ্ণ বাক্য বলেছেন।

ডিজিটাল বিভাজনের বিরুদ্ধে সেতু তৈরির ক্ষেত্রে আফ্রিকার প্রতি ভারতের সাহায্য বিশেষ করে টেলি শিক্ষা এবং টেলি মেডিসিন পরিষেবা সমগ্র আফ্রিকা মহাদেশ জুড়ে সহজলভ্য করার বিষয়ে ভারতের ভূমিকা নিয়ে অধিবেশনে অনুকূল উল্লেখ হয়েছে। মাননীয় মন্ত্রীরা আফ্রিকা মহাদেশে মুক্ত বাণিজ্য চুক্তি কার্যকর হওয়ার জন্য প্রশংসা করেছেন এবং ভারত-আফ্রিকা ফোরাম সামিট- IV এর ফল এবং আফ্রিকার করণীয় কার্যাবলী(অ্যাজেন্ডা) 2063 মধ্যে সহযোগিতার বিষয়ে আশা প্রকাশ করেছেন।

এরপর যে সংক্ষিপ্ত আলোচনা হয় তাতে অতিমারির ফলাফল অতিক্রম করতে ভারত-আফ্রিকা অংশীদারিত্ব শক্তিশালী করার প্রয়োজনীয়তার বিষয়ে মন্ত্রীরা সহমত হয়েছেন। অধিবেশনে অংশগ্রহণ করার জন্য রাষ্ট্রমন্ত্রী অন্যান্য মন্ত্রীদের ধন্যবাদ জানিয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 24,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.